22/8/2001

তারিখ ............
পৃঃ ১৬ কলাম ৩....

দৈনিক ইত্তেফাক

# ক্যাম্পাসে অচলাবস্থা ॥ শিক্ষকরা দ্বিধাবিভক্ত

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ছাত্রদল আহূত লাগাতার ছাত্র ধর্মঘটে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বর্তমান অচলাবস্থা নিয়া শিক্ষকদের মধ্যে দ্বিধা-বিভক্তির সৃষ্টি হইয়াছে। শিক্ষকদের মধ্যে একটি গ্রুপ চাহিতেছেন ক্যাম্পাস কয়েকদিনের জন্য বন্ধ রাখিয়া পরিচয়পত্র দেখিয়া সকল ছাত্রকে আবাসিক হলে প্রবেশ করানো। অন্যদিকে আরেকটি গ্রুপের শিক্ষকরা চাহিতেছেন বর্তমান অচলাবস্থার মধ্যে ছাত্র সংগঠনের সহিত ধীরে ধীরে আলোচনার পরিবেশ সৃষ্টি করা। ক্যাম্পাস বন্ধ করিয়া দেওয়ার বিষয় লইয়া গত সোমবার প্রভোষ্ট ষ্ট্যান্ডিং কমিটির বৈঠকে এবং সিন্ডিকেট সভায় শিক্ষকদের মধ্যে বাক-বিতন্ডা হইয়াছে বলিয়া সূত্র

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে অচলাবস্থা

(শেষ পৃষ্ঠার পর)

জানাইয়াছে।

জানা যায়, বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় আওয়ামী লীগ সমর্থিত নীল দলের শিক্ষকরা বলিয়াছেন, ক্যাম্পাস এই মুহূর্তে বন্ধ করিয়া দিলে ছাত্রদলের নিকট নতি-স্বীকার করা হইবে। এই অজুহাতে ক্যাম্পাস বন্ধ করা যাইবে না। তাহারা আরও বলিয়াছেন, জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণা হইয়াছে। এখন সকল ছাত্র সংগঠনের নেতা-কর্মী ছাড়াও সাধারণ ছাত্ররা এলাকায় চলিয়া গেলে ক্যাম্পাস পরিস্থিতি শান্ত হইবে। অপরদিকে বিএনপি পন্থী শিক্ষকদের সাদা দলের শিক্ষকরা বলিয়াছেন, বর্তমানে পরীক্ষা এবং ক্লাস স্থগিত রহিয়াছে। কেন্দ্রীয় লাইব্রেরীও বন্ধ রহিয়াছে। তাহাদের মতে, পড়াশুনার কোন পরিবেশ বর্তমানে ক্যাম্পাসে নাই। এই মুহূর্তে ক্যাম্পাস বন্ধ করিয়া দিলে কয়েকদিন পর প্রবেশপত্র দেখিয়া সকলকে হলে প্রবেশ করাইলে পরিস্থিতি ঠিক হইবে। এদিকে গত সোমবার সিন্ডিকেটে পরীক্ষা স্থগিত করার সিদ্ধান্ত হইলেও ক্লাসের ব্যাপারে কোন সিদ্ধান্ত গৃহীত হয় নাই। এ ব্যাপারে ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরী বলেন, এই পরিবেশে কেহ ক্লাস করিতে আসিলে ক্লাস নেওয়া হইবে।